

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৬, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন শাখা-১  
প্রজ্ঞাপন

তারিখ, ১৫ ভাদ্র ১৪১৯ বঙ্গাব্দ/৩০ আগস্ট ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩০৮-আইন/স্থাসবি/সিটি কর্পো-১।—দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২ (২০১২ সনের ১নং আইন) এর ধারা ১০, ধারা-৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। বিধিমালার নাম।—এই বিধিমালা দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “আইন” অর্থ দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২ (২০১২ সনের ১ নং আইন);
- (খ) “দেওয়াল লিখন” অর্থ আইনের ধারা ২ (২) এ সংজ্ঞায়িত দেওয়াল লিখন;
- (গ) “পোস্টার লাগানো” অর্থ আইনের ২ (৪) এ সংজ্ঞায়িত পোস্টার লাগানো;
- (ঘ) “স্থানীয় কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২ (৯) এ সংজ্ঞায়িত স্থানীয় কর্তৃপক্ষ।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ ও অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। দেওয়াল লিখন ও পোস্টার লাগাইবার স্থান নির্ধারণ, ইত্যাদি।—(১) দেওয়াল লিখন বা পোস্টার লাগাইবার জন্য স্থানীয় কর্তৃপক্ষ স্বীয় অধিক্ষেত্রে এক বা একাধিক স্থান নির্ধারণপূর্বক প্রশাসনিক আদেশ জারি করিতে পারিবে।

(১৩৯৮৪৯)

মূল্য : টাকা ৪.০০

(২) উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত স্থানে অনধিক ৭ (সাত) দিনের জন্য কেবল অবাণিজ্যিক ভিত্তিতে দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবে এবং তজ্জন্য কোন ফি প্রদান করিতে হইবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে দেওয়াল লিখন বা পোস্টার লাগাইবার জন্য স্থানীয় কর্তৃপক্ষ বোর্ড বা স্ট্যান্ড নির্মাণ করিতে পারিবে এবং উহা লোহার নেটযুক্ত আচ্ছাদন দ্বারা তালাবদ্ধ রাখা যাইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন বোর্ড বা স্ট্যান্ড নির্মাণ করা হইলে উক্ত বোর্ড বা স্ট্যান্ডে দেওয়াল লিখন বা পোস্টার লাগাইবার জন্য স্থানীয় কর্তৃপক্ষ উপযুক্ত ফি নির্ধারণ করিতে পারিবে।

(৫) উপ-বিধি (৩) এর অধীন নির্ধারিত স্থানে ৩০ (ত্রিশ) দিনের অধিক সময়ের জন্য দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবে না।

(৬) অশ্লীল, কুরুচিপূর্ণ বা রাষ্ট্র, সমাজ বা ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এইরূপ কোন দেওয়াল লিখন অথবা পোস্টার লাগানো যাইবে না।

(৭) উপ-বিধি (২) বা, ক্ষেত্রমত, (৫) এর অধীন নির্ধারিত সময়সীমার মধ্যে, কোন দেওয়াল লিখন বা ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলা না হইলে বা অপসারণ করা না হইলে, উক্ত সময়সীমা অতিবাহিত হইবার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষ, স্ব-উদ্যোগে, অননুমোদিত যে কোন দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলিতে বা অপসারণ করিতে পারিবে এবং উক্ত কার্যক্রমের আনুষঙ্গিক ব্যয়ের সমুদয় অর্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা সুবিধাভোগীর নিকট হইতে নগদ আদায় করিবে।

(৮) উপ-বিধি (৭) এ উল্লিখিত অর্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা সুবিধাভোগী তাৎক্ষণিকভাবে পরিশোধ করিতে না পারিলে উহা Public Demands Recovery Act, 1913 (Act IX of 1913) এর বিধান অনুযায়ী সরকারি দাবী হিসাবে আদায় করা যাইবে।

৪। অনুমোদিত বিজ্ঞাপন, ইত্যাদির উপর দেওয়াল লিখন বা পোস্টার লাগানোর উপর বিধি-নিষেধ।—স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে অনুমোদিত বিজ্ঞাপন, ফলক, যেমনঃ—ব্যালকনি সাইন, ইলেকট্রিক সাইন, গ্রাউন্ড সাইন, প্রজেকশন সাইন, গ্র্যাক্রাইলিক সাইন, রুফ সাইন, বেল সাইন, ইলেকট্রিক পোল সাইন, ভেহিক্যাল সাইন, মেগা সাইন, হোর্ডিং, বিলবোর্ড, নিয়ন সাইন, প্লাস্টিক সাইন, পেনাফ্লেক্স সাইন, এলইডি ট্রাইভিশন সাইন, ডিজিটাল টিভি সাইন, ওয়াল সাইন, রিফ্লেক্টর সাইন, ব্যানার, ফেস্টুন, সাইনবোর্ড, ইভিক্টের সাইন, ইত্যাদির উপর কোন দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবে না।

৫। অপরাধ ও দণ্ড।—কোন ব্যক্তি এই বিধির কোন বিধান লঙ্ঘন করিলে উহা অপরাধ হিসাবে গণ্য হইবে এবং তজ্জন্য আইনের ধারা ৬ এ উল্লিখিত দণ্ড প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
আবু আলম মোঃ শহিদ খান  
সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd